## কবিতা/গল্প প্রকাশ



নিজস্ব লেখা "কবিতা/গল্প" সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

ইন্টারনেটে সংস্করণ-eiyug.in PRGI:WBBEN/2020/81746



ডাউনলোড "এই যুগ অ্যাপ"



এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট eiyug.in থেকে ডাউনলোড করুন "এই যুগ অ্যাপ"






HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 28 AUGUST 2026 ,FRIDAY | ২৮ আগস্ট ২০২৬ ,শুক্রবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-265


# দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে কড়া নজরদারি কোচবিহার জেলা পুলিশের




**ভাস্কর সেহানবিশ ,এই যুগ ,কোচবিহার ,২৭ আগস্ট :** কোচবিহার জেলা পুলিশ সর্বদাই নিরাপদ ও সুরক্ষিত সমাজ গড়তে তৎপর । সাধারণ মানুষের স্বার্থে নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্যবৃদ্ধির প্রেক্ষিতে কোচবিহার জেলা পুলিশের পক্ষ থেকে কোচবিহার জেলার বিভিন্ন বাজার সহ পুন্ডিবাড়ি বাজারে আজ সন্ধ্যায় আকস্মিক অভিযান ও পরিদর্শন চালানো হয়। এই অভিযানে সদর মহকুমাশাসক ,সহকারী অধিকর্তা, কৃষি বিপণন দপ্তর এবং অন্যান্য আধিকারিকগণ উপস্থিত ছিলেন ।পুলিশের পক্ষ থেকে এই অভিযান চালানোর সময় বিভিন্ন দোকানে বাজারের নিত্যপ্রয়োজনীয় পণ্যসহ বিভিন্ন দ্রব্যের সঠিক বিক্রয়মূল্য খতিয়ে দেখা হয়। এর পাশাপাশি বাজারের সামগ্রিক পরিস্থিতির উপর নজরদারি চালানো হয় এবং পণ্যের মূল্য সংক্রান্ত তথ্য যাচাই করা হয়।পুলিশের এক আধিকারিকের কথায়, সাধারণ মানুষ যাতে ন্যায্য মূল্যে প্রয়োজনীয় পণ্য ক্রয় করতে পারেন, সেই লক্ষ্যে জেলার বিভিন্ন বাজারে এ ধরনের নজরদারি চলছে । আজ পরিদর্শনকালে বাজারের সার্বিক পরিস্থিতি খতিয়ে দেখা হয়। কোনও অনিয়ম বা আপত্তিকর বিষয় পরিলক্ষিত হয়নি।

# চা বাগান এলাকায় তৈরি হবে স্টেডিয়াম ,জানালেন বন মন্ত্রী মনোজ কুমার ওরাওঁ




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৭ আগস্ট :** জয়ন্তী পাহাড়ের এক দিকে যেমন বাঘ আনার পরিকল্পনা ঠিক তার বিপরীত দিকের অংশে পর্যটনের প্রসারে একাধিক পরিকল্পনা রাজ্য বনদপ্তরের। জয়ন্তী চা বাগান থেকে শুরু করে ভুটানঘাট কালীখোলা পর্যন্ত পার্শ্ববর্তী রাজ্য অসম এবং দেশ ভুটনাকে কেন্দ্র করে এক পর্যটক সার্কিট গড়ার প্রস্তাব।জয়ন্তী চা বাগান এলাকায় মিনি স্টেডিয়াম তৈরি করা হবে এমনটাই জানিয়েছেন রাজ্যের বন এবং পরিবেশ দপ্তরের মন্ত্রী মনোজ কুমার ওরাওঁ। বিজেপি সরকার উন্নয়ন এর জন্য কোন খামতি রাখবে না। ঢেলে সাজানো হবে কুমারগ্রাম বিধানসভার বিভিন্ন এলাকাকে। জয়ন্তী চা বাগানের পাশাপাশি শামুকতলা কুমারগ্রাম এলাকাতে স্টেডিয়াম তৈরির পরিকল্পনা রয়েছে জানিয়েছেন মন্ত্রী মনোজ কুমার ওরাওঁ ।

# বাবুরহাটে ফোর লেন রাস্তার আন্ডারপাসের দাবিতে জেলা শাসকের দপ্তরে ডেপুটেশন



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৭ আগস্ট :** আলিপুরদুয়ারের বাবুরহাট এলাকায় ফোর লেন রাস্তার কারণে স্থানীয় বাসিন্দাদের যাতায়াতের সমস্যার কথা তুলে ধরে আন্ডারপাস নির্মাণের দাবিতে জেলা শাসকের দপ্তরে ডেপুটেশন দিলেন এলাকার বাসিন্দারা। তাঁদের অভিযোগ, ফোর লেন রাস্তা নির্মাণের ফলে এলাকার বিভিন্ন প্রান্তের সঙ্গে যোগাযোগ ব্যবস্থা ব্যাহত হওয়ার আশঙ্কা তৈরি হয়েছে।স্থানীয়দের দাবি, দ্রুত একটি আন্ডারপাস নির্মাণ করা হলে পথচারী, স্কুলপড়ুয়া, প্রবীণ নাগরিকসহ এলাকার সাধারণ মানুষ নিরাপদে রাস্তা পারাপার করতে পারবেন। একই সঙ্গে দুর্ঘটনার আশঙ্কাও অনেকটাই কমবে।ডেপুটেশনকারীরা প্রশাসনের কাছে বিষয়টি গুরুত্ব সহকারে বিবেচনা করে দ্রুত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের দাবি জানিয়েছেন। তাঁদের স্পষ্ট বক্তব্য, সাধারণ মানুষের নিরাপত্তা ও নির্বিঘ্ন যাতায়াতের স্বার্থে বাবুরহাট এলাকায় আন্ডারপাস নির্মাণ এখন অত্যন্ত জরুরি।

# ভাড়া করা গাড়িতেই পাচার গরু মহিষ




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৭ আগস্ট :** ৩১ টি জাতীয় সড়ক ধরে প্রতিনিয়ত গরু মহিষ পাচার হচ্ছে। একের পর এক অভিযানে উদ্ধার হয়েছে প্রচুর পরিমাণ মহিষ। অধিকাংশ গাড়িগুলি অসমের এমনটাই দেখা গেল কারিগুলি আটক হওয়ার পর। অসম নম্বরের গাড়ি ছাড়াও পশ্চিমবঙ্গের গাড়িও রয়েছে বেশ কিছু এই গরু এবং মহিষ পাচার চক্র। অধিকাংশ মহিষ বিহার থেকে গাড়িতে তোলা হচ্ছে। রাত একটা থেকে শুরু হয় বোলেরো আর্টিগা স্কোরপিও সহ অ্যাম্বুলেন্স। তাছাড়া চার চাকা গাড়ি তো রয়েছেই। সূত্রের খবর অধিকাংশ গাড়িগুলি মোটা অংকের টাকা মাসিক ভাড়ার ভিত্তিতে ভাড়া নিয়ে এই গরু এবং মহিষ পাচার করা হচ্ছে। গত কয়েকদিনে শামুকতলা রোড পুলিশ বাড়ির ওসি সঞ্জীব মোদক বেশ কয়েকটি গাড়ি ধরেছেন। গাড়ির নাম্বার প্লেট অনুযায়ী মালিক খুঁজতে গিয়ে দেখা গেছে তারা গাড়িটি আসাম শিমুল টাপু এলাকায় কোন ব্যক্তি মাসিক ভাড়া নিয়ে এই গরু এবং মহিষ পাচারে ব্যবহার করছেন। এর সঙ্গে যুক্ত রয়েছেন আসাম বারবিশা কামাখ্যাগুড়ি শামুকতলা এবং শামুকতলা থানার অধীন বিভিন্ন এলাকার বেশ কিছু দালাল। গরু এবং মহিষ পাচারে জাতীয় সড়কে রীতিমতো লাইনম্যান ব্যবহার করে সেগুলি পাচার করা হয়। তবে সদ্য কয়েক দিন ধরে গরু এবং মহিষ প্রচুর পরিমাণে ধরা পড়ছে জাতীয় সড়কে।

# চা বাগানে হাতির তাণ্ডব ,বন কর্মীদের ঘিরে বিক্ষোভ



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৭ আগস্ট :** আলিপুরদুয়ার জেলার মেচপাড়া চা বাগানে ফের হাতির তাণ্ডবে আতঙ্ক ছড়াল শ্রমিক মহল্লায়। গতকাল গভীর রাতে জঙ্গলের দিক থেকে একটি হাতি আচমকাই চা বাগানের শ্রমিক এলাকায় ঢুকে পড়ে। এরপর সরস্বতী গোয়ালার বাড়িতে হানা দিয়ে ব্যাপক তাণ্ডব চালায় হাতিটি। মুহূর্তের মধ্যে ভেঙে তছনছ করে দেয় বাড়ির একাধিক অংশ। নষ্ট হয়ে যায় খাট, আসবাবপত্র-সহ ঘরের প্রয়োজনীয় সামগ্রী।হঠাৎ হাতির হামলায় কার্যত সর্বস্ব হারিয়ে এখন দিশেহারা ওই শ্রমিক পরিবার। সরস্বতী গোয়ালা জানান, সম্প্রতি প্রধানমন্ত্রী আবাস যোজনার আওতায় টাকা পেয়ে তিনি নতুন করে বাড়ি তৈরি করেছিলেন। কিন্তু সেই বাড়িই রাতের অন্ধকারে হাতির তাণ্ডবে ক্ষতিগ্রস্ত হয়েছে। স্বামী কাজের সন্ধানে ভিনরাজ্যে রয়েছেন। তিনি নিজে চা বাগানে কাজ করে দুই ছোট সন্তানকে নিয়ে সংসার চালান। সরস্বতীর কথায়, ঘটনার সময় তাঁরা বাড়িতে ছিলেন না। বাড়িতে থাকলে প্রাণে বাঁচা কঠিন হয়ে যেত বলেও আশঙ্কা প্রকাশ করেন তিনি। বর্তমানে মাথা গোঁজার ঠাঁই কোথায় হবে, তা নিয়েই চরম দুশ্চিন্তায় পরিবারটি। প্রশাসনের কাছে দ্রুত সাহায্য ও ক্ষতিপূরণের আবেদন জানিয়েছেন তিনি।ঘটনার খবর পেয়ে বক্সা বনদপ্তরের কর্মীরা এলাকায় পৌঁছালে তাঁদের ঘিরে ক্ষোভে ফেটে পড়েন বাসিন্দারা। তাঁদের অভিযোগ ,বারবার হাতির হানায় আতঙ্কে দিন কাটছে। হাতির গতিবিধি রুখতে রাতে দ্রুত পদক্ষেপের পাশাপাশি ক্ষতিগ্রস্ত পরিবারকে অবিলম্বে ক্ষতিপূরণ দেওয়ার দাবি জানিয়েছেন তাঁরা।



# টাইলস বোঝাই ট্রাক দুর্ঘটনা মহাকাল চৌপথীতে





**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৭ আগস্ট :** ৩১ নম্বর জাতীয় সড়কের মহাকাল চৌপথী এলাকায় দুর্ঘটনার কবলে পড়ল একটি টাইলস বোঝাই গাড়ি। কলকাতা থেকে গোহাটি যাবার পথে ব্রিজের রেলিংয়ে লাগিয়ে দেয় গাড়িটি নিয়ন্ত্রণ হারিয়ে। যদিও তেমন কিছু ক্ষতিগ্রস্ত হয়নি গাড়িটি। তবে দুর্ঘটনার খবর পাওয়ার পরেই শামুকতলা রোড ফাঁড়ির পুলিশ ওই এলাকায় পৌঁছে যায়। মহাসড়কের কাজ হওয়ার দরুন রাস্তা ভেঙ্গে গেছে আর এর ফলেই এই দুর্ঘটনা ঘটেছে। সলসলাবাড়ী থেকে ফালাকাটা পর্যন্ত মহাসড়কের কাজ আরম্ভ হয়েছে। ৩১ নম্বর জাতীয় সড়কে চালতা তলা পেট্রোল পাম্প থেকে সলসলাবাড়ী পর্যন্ত বেহাল রাস্তা দীর্ঘদিন যাবত। মাঝেমধ্যে দুর্ঘটনা ঘটেই চলেছে। বেহাল রাস্তার দরুণ ফের দুর্ঘটনা ঘটলো বৃহস্পতিবার দুপুরে।

# আলিপুরদুয়ার শহরের বিভিন্ন খাওয়ার দোকান পরিদর্শন করলেন জেলাশাসক



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৭ আগস্ট :** আলিপুরদুয়ার শহরে বিভিন্ন রেস্টুরেন্ট, খাওয়ার হোটেলে পরিদর্শন করল আলিপুরদুয়ার জেলা প্রশাসন ও পুলিশ প্রশাসন। এদিন আলিপুরদুয়ারের জেলাশাসক ,পুলিশ সুপার সহ প্রশাসনের আধিকারিকরা আলিপুরদুয়ার শহরে বিভিন্ন রেস্টুরেন্ট ও খাওয়ার হোটেলে পরিদর্শন করেন। রেস্টুরেন্ট গুলোতে খাওয়ার গুণগত মান, খাওয়ার পরিবেশ সব কিছু খতিয়ে দেখেন। আলিপুরদুয়ারের জেলাশাসক ময়ূরী ভাসু জানান মূলত সবাইকে সচেতন করার জন্য এই পরিদর্শন।




EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | PRGI : WBBEN/2020/81746 |